**ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**

**Website : www.bb.org.bd**

**সার্কুলার লেটার নং- ডিসিএম(এফএন)/১০৭/২০১৬- ০৪** **তারিখঃ ০৯/০৬/২০১৬**

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী
সকল তফসিলী ব্যাংক।

প্রিয় মহোদয়,

**পবিত্র রমজান মাসে জালনোট প্রতিরোধে গৃহীতব্য পদক্ষেপ প্রসংগে।**

চলতি রমজান মাসে নোট জালকারী চক্রের অপতৎপরতা প্রতিরোধকল্পে নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ নিশ্চিত করতঃ অত্র বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলোঃ

(১) আসল ব্যাংক নোটের নিরাপত্তা বৈশিষ্ট্য সম্বলিত ভিডিও চিত্রটি পুরো রমজান মাস জুড়ে প্রতি সপ্তাহে ০১(এক) দিন সন্ধ্যার পর কমপক্ষে ০১(এক) ঘন্টা করে বগুড়া জেলাসহ প্রতিটি বিভাগীয় শহরের গুরুত্বপূর্ণ জনসমাগমস্থলে/ রাস্তার মোড়ে প্রচার;

(২) আপনাদের ব্যাংকের শাখাসমূহে গ্রাহকদের বিনোদনের জন্য স্থাপিত টিভি মনিটরগুলোতে পুরো ব্যাংকিং সময়ে উক্ত ভিডিও চিত্র প্রদর্শন;

(৩) গ্রাহকদের কাছ হতে সতর্কতার সাথে নোট গ্রহণসহ অত্র বিভাগের ১১/১২/২০১৩ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক নোট গ্রহণ ও প্রদানকালে এবং এটিএম মেশিনে টাকা ফিডিংয়ের পূর্বে আবশ্যিকভাবে জালনোট সনাক্তকারী মেশিন দ্বারা নোট পরীক্ষা করা।

আপনাদের বিশ্বস্ত

আপনাদের বিশ্বস্ত

(পরিমল চন্দ্র চক্রবর্ত্তী)
মহাব্যবস্থাপক (চলতি দায়িত্বে)
ফোনঃ ৯৫৩০২৩২